4220 30 Rs.

तीस रुपया

भारत INDIA

३०रु. 30RS.

THIRTY RUPEES

... and also u/s 5 ... of the West Bengal L... Act 1955 duly stamped (Exempted from stamp duty) under the Indian Stamp Act 1899 as amended in 1964 Schedule 1A No. 23 Process fee 2.00 ... C. F.

Fee Paid

A = 7.50
F = 7.50
N(b) = 2.00
J = 0.50
17.50

Notice filed in the Office of the S.D.O. Sadar B... U.S. 26 of ... Act of 1976.

29-6-77

সাফ বিক্রয় কোবালা মং ১০০০, টাকা।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

| সাফ কোবালা গ্রহিতা:- | সাফ কোবালা দাতা:- |
| --- | --- |
| শ্রীমতী ইলারাণী দাস | শ্রী মাখনলাল মণ্ডল |
| স্বামী শ্রী নিশাকর দাস | পিতা মৃত শশী মণ্ডল |
| জাতি হিন্দু পেশা গৃহস্থালী | জাতি হিন্দু পেশা বিষয়ভোগী |
| সাং গড়িয়া, মহামায়াতলা | সাং ফরতাবাদ মহামায়াতলা |
| থানা সোনারপুর, | থানা সোনারপুর, |
| জেলা- ২৪ পরগনা। | জেলা- ২৪ পরগনা। |

* * * * * * * * * * * * * * * * *

কস্য সাবেক রায়তি স্থিতিবান রায়ত দখলী স্বত্ব দখল বিশিষ্ট স্বত্বের জমি জমা মায় ইজমেণ্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক আকর আজলাতাদি সর্ব স্বত্বের সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে-

জেলা- ২৪ পরগনা সাবরেজিষ্ট্রী অফিস - ও থানা সোনারপুর কালেকটারীর

5 RS

INDIA

पाँच रुपया

पाँच रुपया

FIVE RUPEES भारत FIVE RUPEES

।।২।।

১০৯ নং তৌজি ভুক্ত পরগনে মেদনমল্ল মৌজা বারহাঁস ফরাদবাদ, জে, এল, নং৪৭ জেলা তরিলের ৭৩৮ নং খতিয়ান ভুক্ত জমার অধীনে ১৫১৬ নং দাগের ৩ শতক ভূমি বিক্রিত সম্পত্তি হইতেছে।

উক্ত সম্পত্তি ছাড়াও ভিন্ন ভিন্ন দাগের সম্পত্তি আমার পিতৃদেব ভোগ দখলীকার থাকা অবস্থায় পরলোক গমন করেন। আমি ও আমার ভ্রাতাগন উভয়েই প্রাপ্ত সম্পত্তি ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া মালে ও এজমালে ভ্রাতাগনের সহিত যৌথভাবে ভোগ দখল করিয়া আসিতে ছিলাম। ভ্রাতাগনের ও আমার সম্পত্তি এংযে আপোষ বিভাগ বণ্টন নামা বা পার্টিশান দলিল রেজিষ্ট্রী করিয়া নইতে সম্মত হইয়া আমি ও আমার ভ্রাতাগন একত্রে ১৩৭২ সালের সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে ১নং বহির ২৯ নং ভলুমে ২৫ হইতে ৯০ পাতায় লিপিবদ্ধ ১৮৮৪ নং আপোষ বিভাগ বণ্টন নামা বা পার্টিশান দলিল রেজিষ্ট্রী করিয়া বণ্টননামা দলিল অনুযায়ী নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমার অংশে পড়ে আমি উক্ত সম্পত্তির সীমানা সহরদ্দ

1Re

INDIA

এক রূপয়া

ONE RUPEE भारत ONE RUPEE

।।৩।।

বজায় রাখিয়া সরকারী সেরেস্তায় সন সন খাজনাদি আদায় দিয়া খাসে ভোগদখল ও দখলিকার আছি।

এক্ষণে আমার নানাবিধ কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি কোবালা গ্রহিতা তাহা অবগত হইয়া খরিদ করিবার মানসে আমার নিকট প্রস্তাব ও প্রচার করিলে আমি আপনার প্রস্তাবে আপনার নিকট বিক্রয় করিবার জন্য সম্মত হইয়া বর্ত্তমান সর্ব্বোচ্চ বাজার মূল্য বেলমোক্তা ১০০০, এক হাজার টাকা চাহিলে আপনি উক্ত দর বর্ত্তমান বাজার উচিত মূল্য ন্যায্য বিবেচনা করিয়া খরিদ করিতে রাজি হইলে আমি অদ্য রোজ আপনার নিকট পণের সম্যক টাকা অর্থাৎ ১০০০, এক হাজার টাকা গ্রহণ করিয়া আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা প্রকাশ ও প্রচার

করিতেছি যে, আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখল দখলিকার হইয়া মালেক সরকারের ও অন্যান্য সেরেস্তায় আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন করতঃ দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা যাবতীয় হস্তান্তরের ক্ষমতা যুক্তে হস্তান্তরের ও রূপান্তরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ও ওয়ারিশান ও স্থলবর্তীগন ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি কিম্বা আমার ওয়ারিশান বা স্থলবর্তীগন ক্রমে কেহ কোন দাবী দাওয়া বা বেদখল জনিত কোন কার্য্য করিতে পারিব না বা পারিবেক না। যদি কেহ করে বা করি তবে অত্র সাফ বিক্রয় কোবালা দলিলের বনিয়াদে সর্ব্বোচ্চ ও সর্ব আদালতে বাতিল ও অগ্রাহ্য ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে। আরও প্রকাশ থাকে যে, আমি ইতিপূর্বে কাহারো নিকট রেজিষ্ট্রী বা বিনা রেজিষ্ট্রী কোন প্রকার বায়না পত্র করি নাই। বা বিক্রয় করিবার জন্য কোন চুক্তি পত্র করি নাই বা করা নাই। নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি কাহার নিকট ঋণের দায়ে দায়বদ্ধ করি নাই বা কোন প্রকার দান, বিক্রয়, হস্তান্তর করি নাই। কাহারও জামিনের দায়ে আবদ্ধ নাই। বা কোন দেব সেবায় অর্পন করি নাই সরকার কর্ত্তৃক বা কোন কোম্পানীর কর্ত্তৃক রিকুইজিশান বা একুইজিশান হয় নাই। বা এইরূপ কোন নোটিশ পাই নাই। সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ ও মুক্ত অবস্থায় আমার খাস দখল থাকা অবস্থায় আপনার নিকট বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব দখলচ্যুত হইলাম। ও আপনাকে অদ্য খাস দখল দিলাম। আমার মুখের কথায় সরল বিশ্বাসে আমার খাস দখলীয় সম্পত্তি অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে খরিদ করিলেন। আমার উপরিউক্ত উক্তি সমূহের

কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশ হইলে এবং তজ্জন্য যদি আপনার দখলে কোন ব্যাঘাত বা ক্ষতি হয় তবে আপনার দেওয়া পনের সমস্ত টাকা ও ক্ষতি পূরণ সহ এককালীন নগদ দিতে বাধ্য থাকিলাম। বা থাকিবেক। যদি আলায়ে টাকা না দিই তবে আপনি আমার নামে যে কোন মোকর্দ্দমা দায়ের করিতে পারিবেন তাহাতে আমার বা আমার কোন ওয়ারিশানের কোন প্রকারের কোন আপত্তি আদালতে গ্রাহ্য হইবে না বা হইবেক না। করিলেও তাহা অগ্রাহ্য ও বাতিল বা নামঞ্জুর বলিয়া গন্য হইবেক। আর ও প্রকাশ থাকে যে, অত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি প্রকাশ পায় এবং তজ্জন্য যদি কোন সংশোধন দলিল করিয়া দিতে হয়। তাহা হইলে আপনার খরচায় বিনা পনে স্বেচ্ছায় আমি বা আমার ওয়ারিশান গন সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য থাকিব বা থাকিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচছায় অন্যের বিনানুরোধে দলিল পাঠ করিয়া দলিলের মর্ম অবগত হইয়া নিম্ন তায়দাদ পনের সম্পূর্ণ টাকা বুঝিয়া পাইয়া এই সাফ কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৯৭৭ সালের ২৯শে জুলাই ইংরাজী। ১৪ই আষাঢ় বাংলা সাল ১৩৮৪ সালের

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয়:-

••••••••••••••••••••••

জেলা- ২৪ পরগনা থানা ও সাব রেজিস্ট্রী সোনারপুর পরগনে মেদনমল্ল কালেকটারীর ১০১ নং তৌজিভুক্ত জে:এল: নং ৭ রেভিনিউ সার্ভে নং ৪৭, মৌজা-

॥৬॥

মৌজা- বারহাঁস ফরতাবাদ গ্রামে ১৬, জমা ভূক্ত ৭০৮ নং খতিয়ানের অর্ন্তভুক্ত ১৫১৬ নং দাগে .০৩ শতক বাস্তু জমি সাফ কোবালার বিক্রিত সম্পত্তি হইতেছে।

১৫১৬ এক হাজার পাঁচশত ষোল দাগে .০৩ তিন শতক বাস্তু জমি মাত্র । হারাহারি খাজনা .৫৪ পয়সা মূল্য ১০০০, এক হাজার টাকা মাত্র ।

চৌহদ্দি:-

উত্তর:- পার্বতী মন্ডল, দক্ষিন:- অতুল ডালী

পূর্ব:- নন্তু ডালী, পশ্চিম- নিশাকর দাস

টাকার ওয়াঃ-

১০ খানা ১০০, টাকার নোট - ১০০০, টাকা

মঃ এক হাজার টাকা মাত্র ।

শ্রীমাধবলাল মন্ডল —

ইসাদি:-

১। শ্রী ... কুমার সেন
... রোড -

টাইপকারক:-

শ্রী ... ,

শ্রীগনেশচন্দ্র সাহা

আলিপুর পুলিশ কোর্ট

কলিকাতা- ২৭

Rs. 25

Book 2

Volume No. 165

Pages 44 to 47

Being No. 4220

For the Year 19 77

Registrar
Dt. 24 Parganas
29.6.7

Registrar
Dt. 24
1.7.77